গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

www.gecp.edu.bd

e-mail:edwardcollegebd@yahoo.com

স্মারক নং-সএক/ ৭৫৬ তারিখ- ১০.০৮.২০২৫ খ্রি.

## ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রথম মেধা তালিকায় ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি :

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) কোর্সে (১ম মেধা তালিকার) ভর্তি কার্যক্রম নিম্নোক্ত সময় ও নিয়মানুযায়ী সম্পন্ন করা হবে।

- ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের অনলাইন থেকে ডাউনলোডকৃত চূড়ান্ত ভর্তি ফরম সহ অনান্য কাগজপত্র স্ব স্ব বিভাগে জমা দেয়ার তারিখ: ০৭.০৮.২০২৫ থেকে ১৭.০৮.২০২৫ পর্যন্ত।
- সকল বিভাগকে (ভর্তিকৃত শিক্ষার্থীদের ফরম এন্ট্রি করার লক্ষ্যে) প্রতিদিন ভর্তি শেষে ভর্তিকৃত ফরম কমিটির নিকট জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। কলেজ কর্তৃক ১ম মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের তারিখ ১০.০৮.২০২৫ থেকে ১৯.০৮.২০২৫ পর্যন্ত।

বি.দ্র.: ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে মেধা তালিকায় স্থানপ্রাপ্ত কোন শিক্ষার্থী অন্য কোন শিক্ষা কার্যক্রমে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ১৩ আগস্ট ২০২৫ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চুড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দ্বৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

### ভর্তি ফি

| শাখা/ বিভাগ | কলেজ বেতন ও সেশন ফি | জাতীয় বিশ্ববিদ্যালয়ের পাওনা | ব্যবস্থাপনা ফি | মোট | বিভাগের পাওনা | সর্বমোট |
|---|---|---|---|---|---|---|
| বাংলা, ইংরেজি, দর্শন, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা | ২,৭৮১/- | ৯৩৫/- | ৫০/- | ৩,৭৬৬/- | ১,২৫০/- | ৫,০১৬/- |
| পদার্থবিজ্ঞান, রসায়ন, গণিত, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান | ২,৭৮১/- | ৯৩৫/- | ৫০/- | ৩,৭৬৬/- | ১,৪৪০/- | ৫,২০৬/- |

শিক্ষার্থীর করণীয় :

১. শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions) এ লগইন করে মেধা তালিকার স্থান প্রাপ্তির চুড়ান্ত ভর্তির আবেদন ফরম পূরণপূর্বক A4(8.5X11) ইঞ্চি মাপের অফসেট কাগজে কলেজ কপি ০২ টি ও স্টুডেন্ট কপি ১টি প্রিন্ট করতে হবে।

২. আবেদনকারীকে প্রিন্ট করা ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে স্বাক্ষর ও মোবাইল নম্বর লিখতে হবে।

৩. পূরণকৃত ০২ (দুই) কপি ভর্তি ফরম (কলেজ কপি-র) সঙ্গে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবে।

ক. ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীর স্নাতক (পাস) পরীক্ষার সনদপত্র/প্রসংশাপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।

খ. স্নাতক (পাস) কোর্সের রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি।

গ. ডাচবাংলা মোবাইল ব্যাংকিং রকেট-এর মাধ্যমে প্রদানকৃত টাকার পে-স্লিপের কপি।

৪. মনোনীত বিভাগের জন্য নির্ধারিত ভর্তি ফি মোবাইল ব্যাংকিং রকেট-এ পেমেন্ট করতে হবে।

১। কলেজের ভর্তির ওয়েবসাইট https://edwardcollege.eshiksabd.com/ এ প্রয়োজনীয় তথ্য প্রদান করে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। পরবর্তীতে জটিলতা এড়াতে তথ্য সঠিকভাবে প্রদান করতে হবে। ভর্তি সংক্রান্ত যাবতীয় ফি রকেট এ প্রদান করলে শিক্ষার্থীর মোবাইলে ভর্তি সম্পন্ন হওয়ার ম্যাসেজ যাবে।

অনলাইন ভর্তি ফরম পূরণ সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা:

- কলেজের ভর্তির ওয়েবসাইট https://edwardcollege.eshiksabd.com/ এ গিয়ে নিম্নোক্ত User Name I Password দিয়ে ভর্তি কার্যক্রম শুরু করতে হবে:-

Username: edwardstudnt, Password: edwardstudent দিয়ে Sign In করতে হবে।

- এরপর Admission এ ক্লিক করে Click for New Admission এ ক্লিক করতে হবে।
- Select Group ক্লিক করে Select Mastars ক্লিক করে, Select Department থেকে যে বিভাগে মনোনয়ন পেয়েছে তা Select করে এবং Check for Admission (৭ Digit জাতীয় বিশ্ববিদ্যালয় রেজাল্টে Admission Roll আছে) ঘর দুটি পূর্ণ করে Check for Admission এ ক্লিক করলে ভর্তি ফরম আসবে।
- ভর্তি ফরমে চাহিদা মোতাবেক তথ্যাদি প্রদান করে বাটন ঝধাব ক্লিক করতে হবে।
- ভর্তি ফরমে অবশ্যই সদ্যতোলা ছবি আপলোড দিতে হবে। এই ছবি আইডি কার্ড ও রেজিস্ট্রেশনে ব্যবহার করা হবে। ভর্তি ফি প্রদান করে Application Form Reprint অপশন থেকে পূরণকৃত ফরম ডাউনলোড করে ০৩ কপি প্রিন্ট করে ০১ কপি নিজের কাছে রাখতে হবে এবং অন্য ০২ সেট কলেজের স্ব স্ব বিভাগে জমা দিতে হবে। একই সঙ্গে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডাউনলোডকৃত ফরমের কলেজ কপির ০২ সেট কলেজের স্ব স্ব বিভগে জমা দিতে হবে।
- **বি.দ্র. ভর্তির সময় কলেজ কর্তৃপক্ষকে সকল সনদের মূল কপি প্রদর্শন করতে হবে। এতে ব্যর্থ হলে আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে। অসম্পূর্ণ বা প্রয়োজনীয় কাগজপত্র ছাড়া ভর্তির আবেদন গ্রহণযোগ্য নয়।**
- বিভাগসমূহের করণীয় :

১. ০৩ (তিন) সেট আবেদন ফরমের মধ্যে ০২ (দুই) সেট (কলেজ কপি) প্রয়োজনীয় কাগজপত্রসহ বিভাগে জমা নিবেন এবং স্টুডেন্ট কপির নির্দিষ্ট স্থানে শ্রেণি রোল ও স্বাক্ষরসহ শিক্ষার্থীকে ফেরৎ দিবেন।

২. জরুরী প্রয়োজনে কমিটির সদস্যদের মোবাইল ০১৭১৯৮৯৮৪১৬ নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

৩. স্ব-স্ব বিভাগকে চূড়ান্ত ভর্তি নিশ্চয়নের লক্ষ্যে প্রতিদিন ভর্তি শেষে ভর্তি কমিটির নিকট ভর্তিকৃত ফরম জমা দিতে হবে (কোন শিক্ষার্থীর চূড়ান্ত ভর্তির এন্ট্রি সফটওয়ারে নিশ্চয়ন করা না হলে উক্ত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন সম্পন্ন হবে না)। বিষয়টি অতীব গুরুত্বপূর্ণ

প্রতিস্বাক্ষর
অধ্যক্ষ
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা

১০/০৮/২০২৫
আহবায়ক
প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি-২০২২-২৩
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।

স্মারক নং-সএক/ ৭৮৩/২৮

তারিখ: ১০.০৮.২০২৫ খ্রি.

অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল :

১। উপাধ্যক্ষ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
২। সম্পাদক, শিক্ষক পরিষদ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
৩-১২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
১৩। আহবায়ক, প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি-২০২২-২৩, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
১৪। আহবায়ক, ওয়েব সাইট উন্নয়ন কমিটি, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
১৫। গ্রন্থাগারিক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা। (কলেজ ওয়েব সাইটে প্রদর্শনের অনুরোধসহ)
১৬। হিসাব রক্ষক, সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।
১৭। নোটিশ বোর্ড, অত্র কলেজ।
১৮। অফিস নথি।

১০/০৮/২০২৫
আহবায়ক
প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি-২০২২-২৩
সরকারি এডওয়ার্ড কলেজ, পাবনা।